



# ক্যান্সারের উদ্বেগ নিজের সাথে বহন করবেন না।

আপনার শরীরে কোন কিছু যদি সঠিক নয় বলে মনে হয়,  
তাহলে আপনার জিপির প্র্যাকটিসের সাথে যোগাযোগ করবেন।  
ক্যান্সারকে বাদ দেওয়ার জন্য আপনার জিপি হয়ত আপনাকে  
কয়েকটা পরীক্ষা করার উদ্দেশ্যে রেফার করবে। কিন্তু, ফলাফল  
যাই হোক না কেন, আপনার জন্য এন্‌এইচ‌এস এখানে রয়েছে।

Clear on  
cancer

Help us  
help you

আপনার শরীরে কোন কিছু যদি সঠিক বলে মনে না হয়, অথবা আপনি সেটার বিষয়ে যদি চিন্তিত থাকেন, তাহলে আপনার জিপির সাথে আপনার কথা বলা উচিত। এগুলি হচ্ছে শুধু ক্যান্সারের কিছু লক্ষণ ও উপসর্গ।

- তিন সপ্তাহ বা তার বেশীদিন ধরে রয়েছে এরকম স্থায়ী ব্যথা যেটার কোন ব্যাখ্যা নেই
- পেটের গোলমাল, যেমন অস্বস্তি বা পেটখারাপ যেটা তিন সপ্তাহ বা তার বেশীদিন ধরে থাকে
- তিন সপ্তাহ বা তার বেশীদিন ধরে থাকা একটা কাশি
- আপনার প্রস্রাবে রক্ত থাকা, এমনকি তা একবার মাত্র হলেও
- তিন সপ্তাহ বা তার বেশীদিন ধরে আপনার মলে রক্ত থাকা
- অস্বাভাবিক, বর্ণহীন অথবা তৈলাক্ত মল
- ওজন কমে যাওয়া, যেটার কোন ব্যাখ্যা নেই
- আপনার সমানে অম্বল বা বদহজম হওয়া
- আপনার সমানে ক্লান্ত লাগে ও শরীর ভাল লাগে না এবং তা কেন সে বিষয়ে আপনি নিশ্চিত নন
- অপ্রত্যাশিত অথবা ব্যাখ্যাবিহীন রক্তপাত
- শরীরের কোন জায়গা ফুলে থাকা, যেটার কোন ব্যাখ্যা নেই

ক্যান্সারের আরও সম্ভাব্য উপসর্গের জন্য

[nhs.uk/cancersymptoms](https://nhs.uk/cancersymptoms) ঠিকানায় গিয়ে দেখবেন

সম্ভবতঃ এটা গুরুতর কিছু নয়, কিন্তু তাড়াতাড়ি ক্যান্সার ধরা পড়লে, সেটার অপেক্ষাকৃত ভাল ভাবে চিকিৎসা করা যায়।

যতদিন আপনি জানতে না পারছেন ততদিন আপনি এটাকে বাদ দিতে পারবেন না।

## আপনার জিপির প্র্যাক্টিসের সাথে যোগাযোগ করুন।

Clear on  
cancer

Help us  
help you